

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২(আগরতলা-৪।৮)
জন্মপুঁজিজলা, ৪ এপ্রিল, ২০২০

বাড়ে ক্ষতিগ্রস্ত পেকুয়ারজলা এডিসি ভিলেজ পরিদর্শনে মুখ্যমন্ত্রী

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আজ বিকালে জন্মপুঁজিজলা মহকুমার পেকুয়ারজলা এডিসি ভিলেজে গতকাল কালবৈশাখী বাড়ে ক্ষতিগ্রস্তদের বাড়িগুলি পরিদর্শন করেন। প্রথমে তিনি কাঙ্গালিয়াপাড়ার বালা দেববর্মা, কমলাপতি দেববর্মা, অনিতা ত্রিপুরা, প্রভাপুর এডিসি ভিলেজের দেবেন্দ্রপাড়ার লিলাতি দেববর্মা এবং হরিকান্তপাড়ার উত্তম দেববর্মার বাড়ি পরিদর্শন করেন। পরিদর্শনকালে মুখ্যমন্ত্রী ক্ষতিগ্রস্ত পরিবারের সদস্যদের সাথে আলোচনা করেন এবং তাদের কাছ থেকে বিভিন্ন বিষয়ে খোঁজখবর নেন। রেশনশপের মাধ্যমে ১৫ দিনের অগ্রিম চাল দেওয়ার যে প্রক্রিয়া চলেছে তার সুবিধা এলাকাবাসীরা পেয়েছেন কিনা সে বিষয়ে মুখ্যমন্ত্রী জানতে চান। জনধন অ্যাকাউন্টে ৫০০ টাকা করে তিনি কিস্তিতে সরকারের পক্ষ থেকে টাকা দেওয়ার যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে তার সুবিধা এলাকাবাসীরা পাচ্ছেন কিনা তার খোঁজখবরও তিনি নেন। এলাকা পরিদর্শনের সময় মুখ্যমন্ত্রী ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে এস ডি আর এফ প্রকল্পে ৫,০০০ টাকার চেক তুলে দেন। মুখ্যমন্ত্রী জানান, পরবর্তী সময়ে ক্ষতির পরিমাণ নির্ধারণ করে ঘর তৈরির জন্য এস ডি আর এফ প্রকল্পে আরও আর্থিক সহায়তা দেওয়া হবে। পরিদর্শনের সময় মুখ্যমন্ত্রীর সাথে ছিলেন বিধায়ক বীরেন্দ্র কিশোর দেববর্মা, সিপাহীজলা জেলার জেলাশাসক সি কে জমাতিয়া, সিপাহীজলার পুলিশ সুপার, জন্মপুঁজিজলার মহকুমা শাসক সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।
